

স্বৈচ্ছিক ইচ্ছাকৃত

তারিখ ১৯৬৬
পৃষ্ঠা ১

১ = ২০০২

প্রধানমন্ত্রীর কাছে পাহাড়ী ছাত্র পরিষদের স্মারকলিপি

রাসামাটি সংবাদদাতা ॥ পার্বত্য চট্টগ্রাম পাহাড়ী ছাত্র পরিষদ রাসামাটি সরকারী কলেজের বিরাজমান সমস্যা নিরসনকল্পে প্রধানমন্ত্রীর কাছে ৮ দফা দাবী সংলিভ স্মারকলিপি পেশ করেছে। রাসামাটি জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বুধবার এক বিক্ষোভ সমাবেশ শেষে জেলা প্রশাসকের মাধ্যমে এ স্মারকলিপি পেশ করা হয়। স্মারকলিপিতে উল্লেখযোগ্য দাবীর মধ্যে রয়েছে কলেজের সকল বিষয়ে অনার্স-মাস্টার্স কোর্স চালু করা, কলেজে নতুন বাস দেয়া, শিক্ষকদের শূন্য পদ পূরণ ও আবাসন সমস্যা নিরসন, ছাত্র-ছাত্রীদের জন্য হোটেল চালু করা ইত্যাদি।

বান্দরবানে কৃষকদের স্মারকলিপি পেশ বান্দরবান সংবাদদাতা ॥ পার্বত্য চট্টগ্রাম কৃষক কল্যাণ সমিতির উদ্যোগে বুধবার সমাবেশ, শোভাযাত্রা ও জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী এবং ভূমিমন্ত্রী বরাবরে স্মারকলিপি দেয়া হয়েছে। সমিতির সভাপতি কাজী নাছিরুল আলমের নেতৃত্বে শহরে শত শত কৃষক শোভাযাত্রা শেষে প্রেসক্রাভ চত্বরে সমাবেশ শেষে জেলা প্রশাসককে স্মারকলিপি দেয়া হয়। স্মারকলিপির ১৫ দফা দাবীর মধ্যে কৃষকদের খাস জমি বন্দোবস্ত প্রদান, কৃষি ঋণ দাবী, সার বীজ যন্ত্রপাতি দাবী, কৃষক পোষা ছেলে-মেয়েদের বৃত্তি প্রদান, জমি বেচা-কেনার ক্ষেত্রে ও ব্যাংক ঋণের অনুমতির ক্ষেত্রে সহজতর পদ্ধতি চালু ইত্যাদি।